## চলো আকাশ হয়ে যাই

মিতালী দে

আকাশের কতো রঙ
আকাশ নীল
তার সাথে আরেক রঙ মিলে মিশে
আরেক নীল আরও রঙ মাখামাখি করে
গাঢ় নীলে, সাদা ধূসর মেখে
গোধূলী বেলার লালে আকাশের সাজে !

আকাশের ছায়া সাগরের জলে
তবুও জোয়ার ভাটায়, তবুও সুনামীর উচ্ছ্বাসে
রাগে ফুঁসতে ফুঁসতে ভাসিয়ে নেয়া প্রান্তরে।

আর মাটি আঁকড়ে থাকা দেশ মহাদেশ
এদেশ সেদেশের বুকে হেঁটে চলা সভ্যতা ?
তারা আকাশ চেনে না,
বুকের বিস্তারে কলকল ঝর্ণার গান নেই,
ময়ূরের তীক্ষ্ণ সুন্দর কেকাধ্বনি নেই,
নিরালাপথের পাশে বুনো ফুল নেই,
শুধু দাবানলে শুধু লাভাস্রোতে
পুড়িয়ে ছারখার করে কতো প্রাচীন স্থাপত্য
অতীতের বুনে যাওয়া নিবিড় ইতিকথা,
দখলদারীর তীব্র হিংস্র নেশাস্রোতে
স্বেচ্ছাচারীরা ওড়াওড়ি করে, রক্তে ভাসে মাটি
তারা অসীম অনন্ত সত্যে ভেসে চলা
আকাশ জানে না।
তারা আকাশের রঙ দেখে না।